# ভবানীপুরের কথা

—নূপুর চ্যাটার্জী

এবারে আমাদের প্রিয় আবাসভূমি পশ্চিম বাংলা বেদনার আস্তরণে ঢাকা। সবার মনের ভিতরে একটা চাপা কষ্ট সমস্ত পরিবেশটাকে ছায়াবৃত করে রেখেছে।

দীর্ঘদিনের কলুষ এক ভয়ানক ঘটনার মধ্যে দিয়ে উদ্গীরিত হতে লাগল। এ যেন এক ভয়ংকর অগ্ন্যুৎপাত ছড়িয়ে পড়ছে সকল স্তরে।

তারই মধ্যে মা আসছেন। পঞ্জিকা বলছে মা আসছেন দোলায় যার ফল মড়ক—চলে যাচ্ছেন ঘোটকে যার ফল ছত্রভঙ্গ। সবার মনে আশঙ্কার মেঘ—মা এ তোমার কেমন আসা যাওয়া—মা-এর এই যাওয়া আসা যে আমাদের সম্মিলিত কর্মফল দ্বারা নিয়ন্ত্রিত তা আমরা বুঝতে পারি না। এই অবস্থায় একমাত্র নিরন্তর প্রগাঢ় প্রার্থনা-ই আমাদের রক্ষা করতে পারে।

আরও একটা প্রশ্ন জাগে মা তো সতত বিরাজমান তবে কেন বছরে ঐ বিশেষ দিন কটিতে পুজো হয়? এখানেও একটা হিসেব আছে—এ হিসেবটি হ'ল নিরবয়ব। আমাদের শুভ চেতনা আর অশুভ চেতনার ঘনীভূত অবস্থার তরঙ্গ কম্পনের জন্য মাকে বিশেষভাবে প্রকট হতে হয়। অশুভ চেতনার তরঙ্গ কম্পনকে তিনি করেন প্রতিহত আর শুভ চেতনার তরঙ্গ কম্পনকে করেন উদ্বেলিত। তখনই আলোয় ভরে যায় জগত। ধনী দরিদ্র অধম উত্তম সবার প্রাণে জাগে আলোর ঢেউ। ঢেউয়ের অনুভব নির্ভর করে ব্যক্তির মানসিক স্তরের উপরে। সে যাই হোক না কেন সঠিকভাবে কালো ছায়াগুলো মুছে যায় আলোর উদ্ভাসে।

সপ্তমীর পুজো ভোর সাড়ে পাঁচটায়, অষ্টমীর পুজো ভোর সাড়ে তিনটে এবং সন্ধিপুজো ভোর ছ'টা তেইশ মিনিট থেকে ৭-১০ মিনিট। ঐ একই দিনে নবমী পুজো সকাল ৭-১০ মিনিটের পর থেকে শুরু হবে। ১২ অক্টোবর দশমী পুজো।

বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা মতে পুজোর সময়সূচী এরকম নয়। বেশ কিছু জায়গায় তাই বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা মতে পুজোর নির্ঘণ্ট পালন করা হচ্ছে।

আমাদের মিশনে প্রথম থেকে গুপ্ত প্রেস প্রকাশিত পঞ্জিকা নির্দেশিত পুজোর নির্ঘণ্ট পালন করা হয়। চিন্তাভাবনা চলছিল বিশুদ্ধ সিদ্ধান্ত মতে আমরা পুজো করবো কি না—এখানেই প্রশ্ন এল যদি আমরা তাই করি তাহলে তো আমরা আমাদের সুবিধা দেখছি—আশ্রমের চিরাচরিত নিয়মকে লঙ্ঘন করার অধিকার তো আমার নেই—আর এইখানেই আমাদের পরীক্ষা, নিজের সুবিধাকে প্রাধান্য দেবো না আশ্রমের পালনীয় রীতি অনুসরণ করবো—অবশ্যই আশ্রমের পালনীয় রীতি অনুসারে পুজো সম্পন্ন হবে সে যতই অন্যরকম সময়ে হোক না কেন। মা-এর কাছে আমাদের আকুল প্রার্থনা—আমরা যেন সত্যটা চিহ্নিত করতে পারি এবং তা নিজের জীবনে রূপায়িত করতে পারি। জীবনে চলার পথে ছোট বড়ো চড়াই উৎরাই-এ যেন আমার সমস্ত সত্ত্বাটি সত্যের উপর সমর্পিত থাকে।